গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

**জননিরাপত্তা বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের নভেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৭ নভেম্বর, ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব এবং অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) সভার কার্যপত্রের সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে তা কোন সংযোজন বা সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতি বলেন যে, এ বিভাগের অনিষ্পন্ন বিষয়সমূহের তালিকা নতুন ছক অনুযায়ী হালনাগাদ করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং দীর্ঘদিন পেন্ডিং আইনের ভাষান্তরের কার্যক্রম অতিদ্রুত সম্পন্ন করতে হবে। জননিরাপত্তা বিভাগের অধিশাখা/শাখাসমূহ স্ব স্ব অনুবিভাগ প্রধানের অধীনে প্রতিমাসে সভা করে পেন্ডিং তালিকা হালনাগাদ করতে হবে এবং অনুবিভাগ পর্যায়ে যাচাইকৃত পেন্ডিং বিবরণী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের নিমিত্ত প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) এর বিষয়ে বর্ডার গার্ড বাংলাদেশ এর আইডি সমস্যা সমাধানে বিজিবি থেকে প্রাপ্ত চাহিদা অনুযায়ী আইডি সরবরাহের জন্য এটুআই এর সাথে যোগাযোগ করে নতুন আইডি তৈরির অতিদ্রুত ব্যবস্থা নেয়ার প্রতি মতামত ব্যক্ত করেন। সকল দপ্তর/সংস্থাসমূহকে তাদের আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন অতিদ্রুত রিপোর্ট আদান-প্রদান সম্পূর্ণরুপে রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) এর মাধ্যমে সম্পন্ন করার প্রতি তাগিদ প্রদান করেন। তিনি বলেন, দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহের মধ্যে যে সকল অডিট আপত্তি ত্রিপক্ষীয় অডিট কমিটির মাধ্যমে নিষ্পত্তি করা যায় সে সকল অডিট আপত্তিসমূহ ত্রিপক্ষীয় অডিট সম্পন্ন করণের লক্ষ্যে ত্রিপক্ষীয় অডিট কমিটি কর্তৃক ২-৩ বছরের অডিট আপত্তিসমূহের ভলিউম নিয়ে কাজ করলে আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করা যাবে মর্মে মতামত ব্যক্ত করেন।

সভাপতি বলেন আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট অভিযোগসমূহ জাতীয় জরুরী সেবা ৯৯৯ এর সাথে সমন্বয় করে নতুন একটি সেকশন যুক্ত করা যায় কিনা সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ৯৯৯ এর সাথে সমন্বয়ের কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করার প্রতি গুরুত্বারোপ করেন।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জননিরাপত্তা বিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্ক এর আদলে হালনাগাদ অব্যাহত রাখতে হবে এবং আনসার ও ভিডিপি অধিদপ্তরের ওয়েবসাইটের ব্যানারে মুজিবনগরে ‘গার্ড অব অনার’ প্রদানের ছবি এবং ব্যাটালিয়ন আনসার সংশ্লিষ্ট ছবি সংযুক্ত করতে হবে। পুলিশ অধিদপ্তর হতে উপস্থাপিত Smart ACR Management System (SACRMS) সফটওয়্যারের প্রস্তাবটি Final design এর পর সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট অভিযোগসমূহ জাতীয় জরুরী সেবা ৯৯৯ এর সাথে সমন্বয় করে নতুন একটি সেকশন যুক্ত করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ সিস্টেম এনালিষ্ট |
| ০২ | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত রিভাইস বাজেট প্রেরণের সময় যৌক্তিকতা যাচাই করে চাহিদা প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা সকল |
| ০৩ | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ পুলিশের আইন/ অধ্যাদেশ/বিধি/প্রবিধিসমূহ বাংলা ভাষান্তরপূর্বক খসড়া প্রেরণ সংক্রান্ত ১৫ (পনের)টি আইনের অগ্রগতি ত্বরান্বিত করাসহ অগ্রগতির পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে। এছাড়াও দপ্তর/সংস্থার পেন্ডিং বিবরণী হালনাগাদ করে জননিরাপত্তা বিভাগের অনুবিভাগ প্রধানগণ সাপ্তাহিক সভায় উপস্থাপন করবেন। | অনুবিভাগ প্রধান সকল/ দপ্তর/সংস্থা সকল |
| ০৪ | রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) এর বিষয়ে বর্ডার গার্ড বাংলাদেশ এর অর্গানোগ্রাম অনুযায়ী বিজিবি অধিদপ্তর হতে নতুন করে আইডি পাসওয়ার্ড সরবরাহের লক্ষ্যে এ বিভাগে চাহিত পত্র প্রেরণ করতে হবে এবং জননিরাপত্তা বিভাগ হতে এটুআই এর সাথে যোগাযোগ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজিবি/সিস্টেম এনালিষ্ট |
| ০৫ | দপ্তর/সংস্থাসমূহের অডিট আপত্তিসমূহ কমিয়ে আনার লক্ষ্যে কম গুরুত্বপূর্ণ অডিট আপত্তিসমূহ ত্রিপক্ষীয় অডিট সম্পন্ন করার লক্ষ্যে ২-৩ বছরের রিপোর্ট নিয়ে কাজ করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা সকল/ যুগ্মসচিব বাজেট |
| ০৬ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) জাতীয় জরুরি সেবা ৯৯৯ এর সাথে একত্রীকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে সকল দপ্তর/সংস্থা এবং তাদের আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে জনসচেতনতা বাড়ানোর লক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) / যুগ্মসচিব (আইন)/সিস্টেম এনালিস্ট |
| ০৭ | পুলিশ অধিদপ্তর এর উপস্থাপিত Smart ACR Management System (SACRMS) সফটওয়্যারের প্রস্তাবটি Final design এর পর সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) |
| ০৮ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশান অনুযায়ী জননিরাপত্তা বিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্ক এর আদলে হালনাগাদ অব্যাহত রাখতে হবে এবং আনসার ও ভিডিপি অধিদপ্তরের ওয়েবসাইটের ব্যানারে মুজিবনগরে 'গার্ড অব অনার' প্রদানের ছবি এবং ব্যাটালিয়ন আনসার সংশ্লিষ্ট ছবি সংযুক্ত করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) / সিস্টেম এনালিস্ট |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.৪০৮

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪৩০
০৬ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ
৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ

৭) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৮) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

ফৌজিয়া খান

উপসচিব